দৈনিক ইনকিলাব

135

তারিখ SEP 27 1999
পৃষ্ঠা 7 কলাম 6

### হুমকি ও ভয় দেখিয়ে নির্বাচন প্রভাবিত করার চেষ্টা

# আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭টি অনুষদের ডীন নির্বাচন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আজ (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭টি অনুষদের ডীন নির্বাচন। জাতীয়তাবাদী ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী বিরোধী দল সমর্থিত সাদা দল এবং বাঙালী জাতীয়তাবাদে বিশ্বাসী সরকার সমর্থিত নীল দল এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। ইতোমধ্যেই উভয় দল তাদের মনোনীত প্রার্থী ঘোষণা করেছে। আজ টিএসসিতে সকাল ৯টা থেকে বেলা ১টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে এবং ভোট গ্রহণ প্রক্রিয়া সম্পন্ন হওয়া মাত্রই ভোট গণনা শুরু করা হবে। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর শাহাদত আলী

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## ডীন নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত হয়ে নির্বাচন পরিচালনা করবেন। বিশ্ববিদ্যালয়ের প্রায় ১২ শতাধিক শিক্ষক এই নির্বাচনে ভোট প্রদান করবেন।

বিগত নির্বাচনে সাদা দল সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান, জীববিজ্ঞান ও আইন— এই ৪টি অনুষদে এবং নীল দল কলা, বাণিজ্য ও ফার্মেসী— এই তিনটি অনুষদে জয়লাভ করে। এবারের নির্বাচনে উভয় দলই জয়লাভ করার আশাবাদ ব্যক্ত করলেও নির্বাচনী প্রচারণায় সাদা দল অনেক এগিয়ে। এবারের নির্বাচনের রায়ের মাধ্যমে ক্ষমতাসীন সরকারের দুঃশাসনের কবলে পড়ে দেশে বিরাজমান শ্বাসরুদ্ধকর পরিস্থিতির বিরুদ্ধে জনমতের বহিঃপ্রকাশ ঘটবে বলে ধারণা করা হচ্ছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষকদের মতামত নিয়ে দেখা গেছে, অধিকাংশ শিক্ষকই দেশে বিরাজমান রাজনৈতিক প্রেক্ষাপটে সাদা দলের পক্ষে স্বতঃস্ফূর্তভাবে রায় প্রদান করবেন। সাদা দলের প্রার্থীরাও বর্তমান ৪টিসহ বাকী ৩টিতেও জয়লাভ করতে পারবেন বলে জোর আশাবাদ ব্যক্ত করেছেন।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষক অভিযোগ করে বলেছেন, বিশ্ববিদ্যালয়ে এমন অনেক ঘটনা ঘটানো হচ্ছে যাতে শিক্ষকগণ স্বাধীনভাবে মতামত প্রকাশ করতে ন পারেন। নানা ধরনের হুমকি ও ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে একটি স্বার্থান্বেষী মহল ডীন নির্বাচনকে প্রভাবিত করার চেষ্টা করছে। আইন অনুষদের শিক্ষকগণ এ ব্যাপারে তাদের অভিযোগও জানিয়েছেন।

এবারের নির্বাচনে ৭টি অনুষদে সাদা দলের প্রার্থীরা হচ্ছেন- কলা অনুষদে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রফেসর তৌহিদুল আনোয়ার, সামাজিকবিজ্ঞান অনুষদে বর্তমান ডীন লোক প্রশাসন বিভাগের প্রফেসর আসাদুজ্জামান, বাণিজ্য বিভাগে মার্কেটিং বিভাগের প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ, বিজ্ঞান অনুষদে পরিসংখ্যান বিভাগের প্রফেসর শফিকুর রহমান, জীববিজ্ঞান অনুষদে বর্তমান ডীন অণুজীববিজ্ঞান বিভাগের প্রফেসর সিরাজুল ইসলাম খান, আইন অনুষদে আইন বিভাগের প্রফেসর এরশাদুল বারী এবং ফার্মেসী অনুষদে ফার্মেসী বিভাগের প্রফেসর চৌধুরী মাহমুদ হাসান।

নীল দলের প্রার্থীরা হচ্ছেন- কলা অনুষদে বর্তমান ডীন ইতিহাস বিভাগের প্রফেসর কাজী শহিদুল্লাহ, সামাজিকবিজ্ঞান অনুষদে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর হারুণ-অর-রশীদ, বাণিজ্য অনুষদে বর্তমান ডীন হিসাববিজ্ঞান বিভাগের প্রফেসর আবুল হাশেম, বিজ্ঞান অনুষদে পদার্থবিজ্ঞান বিভাগের প্রফেসর মেসবাহ উদ্দিন আহমেদ, জীববিজ্ঞান অনুষদে উদ্ভিদবিজ্ঞান বিভাগের প্রফেসর জেড এম নওশের আলী খান, আইন অনুষদে আইন বিভাগের প্রফেসর এম আই পাটোয়ারী এবং ফার্মেসী অনুষদে বর্তমান ডীন প্রফেসর মুনীর উদ্দিন আহমেদ।

দল নিরপেক্ষতার দাবিদার বাম ও মধ্যপন্থী গোলাপী দল এবারের নির্বাচনে অংশগ্রহণ করছে না।